গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

গণবিজ্ঞপ্তি

প্রতারক হতে সাবধান

সম্প্রতি লক্ষ করা যাচ্ছে যে, বিভিন্ন প্রতারক চক্র সরাসরি বা শিক্ষা মন্ত্রণালয় এবং এর আওতাধীন বিভিন্ন দপ্তর ও প্রতিষ্ঠানের কর্মকর্তাদের নাম ভাঙ্গিয়ে শিক্ষা প্রতিষ্ঠান রেজিস্ট্রেশন, সরকারিকরণ, এম.পি.ও.ভুক্তকরণ, পাঠদান, একাডেমিক স্বীকৃতি, শ্রেণি/শাখা খোলা, বিষয় ও বিভাগ খোলা এবং শিক্ষক-কর্মকর্তা-কর্মচারী বদলিসহ বিভিন্ন কাজ করিয়ে দেয়ার মিথ্যা আশ্বাস/লোভ দেখিয়ে স্কুল-কলেজসহ বিভিন্ন প্রতিষ্ঠানে ফোন, ই-মেইল, এস.এম.এস. করে বিকাশ, রকেটসহ বিভিন্ন মাধ্যমে টাকা দাবী করছে। কোন কোন ক্ষেত্রে তাদের পক্ষ হতে অধ্যক্ষ/প্রধান শিক্ষকসহ সংশ্লিষ্টদের নিকট ব্যক্তিগতভাবেও যোগাযোগ করছে মর্মে বিভিন্ন সূত্রে জানা যাচ্ছে।

উল্লেখ্য, শিক্ষা মন্ত্রণালয়ের কোন কাজে টাকা প্রদানের প্রয়োজন নেই। শিক্ষা মন্ত্রণালয় সুনির্দিষ্ট বিধি-বিধানের ভিত্তিতে সেবা প্রদান করে থাকে, টাকার বিনিময়ে কোন কিছুই হওয়ার সুযোগ নেই। মন্ত্রণালয়ের কার্যক্রমের সকল তথ্যাদি মন্ত্রণালয়ের নির্দিষ্ট ওয়েবসাইটে নিয়মিতভাবে প্রকাশ করা হয়ে থাকে।

এমতাবস্থায়, এ ধরনের প্রতারক চক্র বা শিক্ষা মন্ত্রণালয় এবং এর আওতাধীন কোন দপ্তর ও প্রতিষ্ঠানের কথিত কর্মকর্তা কর্তৃক ই-মেইল, এস.এম.এস., ফোন, চিঠিপত্র কিংবা তাদের ব্যক্তিগত যোগাযোগের ভিত্তিতে কাউকে কোন টাকা না দেয়ার জন্য সংশ্লিষ্টদেরকে অনুরোধ করা হলো। তা ছাড়া সরকারি কোন ফি বিকাশ বা রকেটসহ এ জাতীয় কোন মাধ্যমে কখনো গ্রহণ করা হয় না । কেউ কোন ধরনের সুবিধা বা টাকা দাবী করলেই বুঝবেন এটা প্রতারণা। সাথে সাথেই এ ধরনের প্রতারকদের পুলিশে সোপর্দ করাসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

সোহরাব
১৬.০৬.২০১৯
(মোঃ সোহরাব হোসাইন)
সিনিয়র সচিব